দামুড়হুদায় দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উপজেলা পরিষদ চত্বরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার দিকে উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত এ মেলা আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা – ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি।

উদ্বোধন শেষে মেলার স্টল ঘুরে দেখেন প্রধান অতিথি সহ অতিথি বৃন্দরা। মেলায় ৪০ টি স্টলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা সম্প্রসারণ ও তার সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে উপজেলার বিভিন্ন সরকারি – বেসরকারি প্রতিষ্ঠান তাদের আধুনিক প্রযুক্তি ও উদ্ভাবন ডিজিটাল সেবা সমূহ প্রদর্শন করা হয়।বেলা ১১ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম এর সভাপতিত্বে বঙ্গবন্ধু মোড়াল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় আলোচনা সভা,বাইসাইকেল ও বেঞ্চ বিতরণ করা হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি কোভিড-১৯ মোকাবিলায় স্থানীয় সরকারের মাননীয় মন্ত্রী জাতীয় সংসদ সদস্যদের অনুকূলে দেওয়া বরাদ্দকৃত অর্থ হতে উপজেলার ১০ টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী, হত দরিদ্র শিক্ষার্থীদের মোট ১৩০ টি বাইসাইকেল ও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) হতে উপজেলার ৩৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে সর্বমোট ৬৩৭ জোরা বেঞ্চ বিতরণ করেন।বিতরণ কালে তিনি বর্তমান সরকারের সার্বিক সেক্টরের অভাবনীয় তথ্য ও উন্নয়ন চিত্র তুলে ধরে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন প্রধান অতিথি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের নব- নির্বাচিত চেয়ারম্যান, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহাফুজুর রহমান মঞ্জু, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃশহিদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান,সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শহিদুল ইসলাম।

সমগ্র অনুষ্ঠানটি উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশীদ এর

প্রাণবন্ত সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ এর অধ্যক্ষ কামাল উদ্দিন,সরকারি দপ্তরের দপ্তর প্রধান, উপজেলার সকল ইউপি চেয়ারম্যান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান,শিক্ষার্থী, গণমাধ্যম কর্মী, রাজনৈতিক ব্যাক্তিবর্গ প্রমূখ।

বিকালে দিনব্যাপী এ ডিজিটাল উদ্ভাবনী মেলার সমাপনী অনুষ্ঠান পুরুস্কার বিতরণীর মধ্য দিয়ে শেষ হয়েছে।

মুজিবনগরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

‘উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ ‘এই প্রতিপাদ্যে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজন করা হয়েছে ডিজিটাল উদ্ভাবনী মেলা।

সোমবার সকালে মুজিবনগর উপজেলা চত্বরে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

এর আগে মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা-উল-জান্নাহ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মেলার উদ্বোধন করেন।

উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম গাইন, মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন।

মেলাই (১) উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ(২)ডিজিটাল সেবা(৩)হাতের

মুঠোয় সেবা (৪) শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান নামে চারটি প্যাভিলিয়ন অংশগ্রহণ করে। প্যাভিলিয়ন-১ উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ প্যাভিলিয়নে, উপজেলা কৃষি অফিস,সমাজ সেবা অফিস। প্যাভিলিয়ন-২ ডিজিটাল সেবা প্যাভিলিয়নে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,উপজেলা ভূমি অফিস,উপজেলা নির্বাচন অফিস,মুজিবনগর থানা,উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস,পরিবার পরিকল্পনা অফিস।

প্যাভিলিয়ন-৩ হাতের মুঠোয় সেবা প্যাভিলিয়নে, ব্যাংক,ইউনিয়ন ডিজিটাল সেন্টার উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ অফিস,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,উপজেলা শিক্ষা অফিস প্যাভিলিয়ন-৪ শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান প্যাভিলিয়নে,মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,যুব উন্নয়ন অধিদপ্তর,মহিলা বিষয়ক

অধিদপ্তর,বিআরডিবি,আনসার ও ভিডিপি অফিস অংশ গ্রহন করে। এছাড়াও দিন ব্যাপি আলোচনা সভা, কুইজ প্রতিযোগিতা অনু্ষ্ঠিত হয়।

বিকেলে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনব্যাপি মেলার সমাপ্তি হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, বিজ্ঞান শিক্ষাকে উৎসাহিত করার লক্ষ্যে উন্নয়নের অগ্রযাত্রায় ২০৩০ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশকে টেকসই লক্ষ্যমাত্রা অর্জনে মডেল এসডিজি রাষ্ট্র এবং প্রযুক্তি বান্ধব নানা উদ্ভাবনের মাধ্যমে নাগরিক জীবনকে আরো সহজ, সমৃদ্ধ এবং স্মার্ট করে গড়ে তুলতে সারাদেশের উদ্ভাবকদের উদ্ভাবনী সক্ষমতা দেশের প্রয়োজনে কাজে লাগাতে মুজিবনগরে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এবং উদ্ভাবনী অলিম্পিয়াড এর আয়োজন করা হয়েছে।

চুয়াডাঙ্গায় বীর

মুক্তিযোদ্ধাদের মধ্যে ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড বিতরন

চুয়াডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড বিতরণ করা হয়েছে। এ উপলক্ষে শনিবার সকাল সাড়ে ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করে চুয়াডাঙ্গা সদর উপজেলা ও মুক্তিযোদ্ধা কমান্ড।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাদের হাতে ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড তুলে দেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ চুয়াডাঙ্গা জেলা শাখার যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। অনুষ্ঠানে জেলার ১০৩ জন বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড বিতরণ করা হয়।

এছাড়া মারা যাওয়া ১৫৭ জন মুক্তিযোদ্ধার পরিবারের সদস্যদের হাতে শুধুমাত্র ডিজিটাল সার্টিফিকেট তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, অনেক দেরিতে হলেও আমরা ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড হাতে পেলাম। আওয়ামী লীগ ক্ষমতায় আছে বলেই এটা সম্ভব হয়েছে।

এবার গ্রেফতার তালেবের বিরুদ্ধে ডিজিটাল সিকিওরিটি

আইনে মামলা

নিজের ফেসবুক লাইভে এসে প্রধানমন্ত্রীকে গালি দেওয়া তালেবকে (৪২) নামে ২০১৮ সালের ডিজিটাল সিকিওরিটি এ্যাক্ট এর ২৫/২৯/৩১ ধারায় একটি মামলা এফআইআরভুক্ত হয়েছে। মামলার নং ৮, তারিখ ১০/০৮/২০২২ ইং।

গাংনীর সাবেক ছাত্রলীগ নেতা শেখ আনিসুজ্জামান লুইস বাদী হয়ে গাংনী থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলাটি করেছেন। তাকে ওই মামলায় গ্রেফতার দেখানো হয়েছে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

গতকাল বুধবার (১০) দিবাত রাতে গাংনী উপজেলার সহোগলপুর গ্রামে অভিযান চালিয় তাকে গ্রেফতার করা হয়।

আবু তালেব গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের হাটপাড়া এলাকার হারুন অর রশিদ ওরফে হারুর ছেলে।

জানা গেছে, সরকার জ্বালানীর দাম বৃদ্ধির ঘোষণা দেওয়ার পর গত শনিবার রাতে নিজ ফেইসবুক আইডিতে লাইভে এসে আবু তালেব প্রধানমন্ত্রীকে উদ্দেশ্যে করে গালিগালাজ করেন।

বিষয়টি ব্যাপক ভাইরাল হয়। সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়ার পর প্রশাসের মধ্যে তোলপাড় হয়। সেদিন থেকেই পুলিশের পৃথক টিম বিভিন্ন স্খানে অভিযান শুরু করলে আত্মগোপনে চলে যান এই ব্যক্তি।

ডিবির ওসি সাইফুল আলম বলেন, উর্ধতন কর্মকর্তাদের নির্দেশে তাকে গ্রেফতারের জন্য ডিবি ও গাংনী থানা পুলিশ দুই দিন ধরে যশোর, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলায় বিভিন্ন স্থানে অভিযান চালানো হয়। পরে গাংনী উপজেলার সহগলপুর থেকে তাকে আটক করে প্রথমে ডিবি কার্যালয়ে নেয়া হয়। পরে গাংনী থানায় সোপর্দ করা হয়।

আজ বৃহস্পতিবার (১১ আগষ্ট) গ্রেফতারকৃত আবু তালেবকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেলা হাজতে প্রেরণ করা হবে।